সমকাল

তারিখ . 19. NOV. 2016

পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬

টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষায় জালিয়াতি, আটকের পর ৯ জন মুক্ত

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর তেজগাঁওয়ে অবস্থিত বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের (বুটেক্স) ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগে নয়জনকে আটক করে পুলিশে দিয়েছে কর্তৃপক্ষ। গতকাল শুক্রবার সকালে ভর্তি পরীক্ষায় জালিয়াতির সময় তারা ডিভাইসসহ ধরা পড়েন। আটক নয়জনের মধ্যে একজন ছাত্রী।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, ৫৬০টি আসনের বিপরীতে এবারের ভর্তি পরীক্ষায় অংশ নেন ১৭ হাজার ১৩ জন। গতকাল সকাল ১০টায় ৯টি কেন্দ্রে এক ঘণ্টা ২০ মিনিটের এ পরীক্ষা শুরু হয়। পরীক্ষা চলাকালে টেক্সটাইল বিশ্ববিদ্যালয় কেন্দ্রের কয়েকটি কক্ষে শিক্ষার্থীদের সন্দেহ হয়। ওই সময় তাদের আটক করে পুলিশে দেওয়া হয়। আটক নয়জনের কাছেই বিশেষ ডিভাইস পাওয়া গেছে।

বিশ্ববিদ্যালয়ের ইয়ার্ন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক রিয়াজুল ইসলাম সমকালকে বলেন, ওই শিক্ষার্থীদের কানের ভেতর ক্ষুদ্র ডিভাইস স্থাপন করা ছিল। বাইরে থেকে কেউ তাদের ওই ডিভাইসে উত্তর বলে দিচ্ছিল।

বিশ্ববিদ্যালয়টির রেজিস্ট্রার অধ্যাপক মনিরুল ইসলাম জানান, ভর্তি পরীক্ষায় জালিয়াতি ঠেকাতে শিক্ষকরা সতর্ক থাকায় ওই নয় ভর্তিচ্ছুকে আটক করা সম্ভব হয়েছে।

তেজগাঁও শিল্পাঞ্চল থানার ওসি আবদুর রশিদ জানান, ওই নয় শিক্ষার্থীর বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো অভিযোগ দেয়নি। এজন্য মুচলেকা রেখে তাদের ছেড়ে দেওয়া হয়েছে।